# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৭১৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭১২, ৭১৩]

১/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৯৬: সফরকারীকে উপদেশ দেওয়া, বিদায় দেওয়ার দো‘আ পড়া ও তার কাছে নেক দো‘আর নিবেদন ইত্যাদি

بَابُ وِدَاعِ الصَّاحِبِ وَوَصِيَّتِهِ عِنْدَ فِرَاقِهِ لِسَفَرٍوَّغَيْرِهِ وَالدُّعَاءِ لَهُ وَطَلَبِ الدُّعَاءِ مِنْهُ - (96)

---

আরবী

وَعَن أَبي سُلَيمَانَ مَالِكِ بنِ الحُوَيْرِثِ رضي الله عنه، قَالَ: أَتَيْنَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، وَنَحْنُ شَبَبَةٌ مُتَقَارِبُونَ، فَأَقَمْنَا عِنْدَهُ عِشْرِينَ لَيْلَةً، وَكَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم رَحِيماً رَفِيقاً، فَظَنَّ أنَّا قَدِ اشْتَقْنَا أهْلَنَا، فَسَأَلَنَا عَمَّنْ تَركْنَا مِنْ أَهْلِنَا، فَأَخْبَرْنَاهُ، فَقَالَ: « ارْجِعُوا إِلَى أَهْلِيكُمْ، فَأَقِيمُوا فِيهِمْ، وَعَلِّمُوهُم وَمُرُوهُمْ، وَصَلُّوا صَلاَةَ كَذَا فِي حِيْنِ كَذَا، وَصَلُّوا كَذَا فِي حِيْنِ كَذَا، فَإِذَا حَضَرَتِ الصَّلاَةُ فَلْيُؤَذِّنْ لَكُمْ أَحدُكُمْ وَلْيَؤُمَّكُمْ أكْبَرُكُمْ ». متفقٌ عَلَيْهِ .
زاد البخاري في رواية لَهُ: وَصَلُّوا كَمَا رَأَيْتُمُونِي أُصَلِّي

বাংলা

আল্লাহ তা’আলা বলেন,

﴿ وَوَصَّىٰ بِهَآ إِبۡرَٰهِـۧمُ بَنِيهِ وَيَعۡقُوبُ يَٰبَنِيَّ إِنَّ ٱللَّهَ ٱصۡطَفَىٰ لَكُمُ ٱلدِّينَ فَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنتُم مُّسۡلِمُونَ ١٣٢ أَمۡ كُنتُمۡ شُهَدَآءَ إِذۡ حَضَرَ يَعۡقُوبَ ٱلۡمَوۡتُ إِذۡ قَالَ لِبَنِيهِ مَا تَعۡبُدُونَ مِنۢ بَعۡدِيۖ قَالُواْ نَعۡبُدُ إِلَٰهَكَ وَإِلَٰهَ ءَابَآئِكَ إِبۡرَٰهِـۧمَ وَإِسۡمَٰعِيلَ وَإِسۡحَٰقَ إِلَٰهٗا وَٰحِدٗا وَنَحۡنُ لَهُۥ مُسۡلِمُونَ ١٣٣ ﴾ [البقرة: ١٣٢، ١٣٣]

অর্থাৎ “ইব্রাহীম ও ইয়াকূব এ সম্বন্ধে তাদের পুত্রগণকে নির্দেশ দিয়েছিল, হে পুত্রগণ! আল্লাহ তোমাদের জন্য দ্বীনকে (ইসলাম ধর্মকে) মনোনীত করেছেন। সুতরাং আত্মসমর্পণকারী না হয়ে তোমরা অবশ্যই মৃত্যুবরণ করো না। ইয়াকুবের নিকট যখন মৃত্যু এসেছিল তোমরা কি তখন উপস্থিত ছিলে? সে যখন নিজ পুত্রগণকে জিজ্ঞাসা করেছিল, আমার (মৃত্যুর) পরে তোমরা কিসের উপাসনা করবে। তারা তখন বলেছিল, আমরা আপনার উপাস্য ও আপনার পিতৃপুরুষ ইব্রাহীম, ইসমাঈল ও ইসহাকের উপাস্য, সেই অদ্বিতীয় উপাস্যের উপাসনা করব। আর আমরা

তাঁর কাছে আত্মসমর্পণকারী।’’ (সূরা বাক্বারাহ ১৩২-১৩৩ আয়াত)

এ বিষয়ে অনেক হাদীস আছে তন্মধ্যেঃ-

> حديث زيد بن أرقم رضي الله عنه ـ الذي سبق في باب إكرام أهل بيت رسول الله صلى الله عليه وسلم ـ قال: قام رسول الله صلى الله عليه وسلم فينا خطيباً، فحمد الله، وأثنى عليه، ووعظ وذكر، ثم قال: “أما بعد”ألا أيها الناس إنما أنا بشر يوشك أن يأتي رسول الله ربي فأجيب، وأنا تارك فيكم ثقلين : " أولهما: كتاب الله، فيه الهدى والنور، فخذو بكتاب الله، واستمسكوا به” فحث على كتاب الله، ورغب فيه، ثم قال: “وأهل بيتي، أذكركم الله في أهل بيتي" ((رواه مسلم)) وقد سبق بطوله.

যায়েদ ইবনে আরক্বামের হাদীস যা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পরিবার পরিজনের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করার পরিচ্ছেদে অতীত হয়ে গেছে, তাতে যায়দ বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (একদা) আমাদের মাঝে উঠে ভাষণ দান করলেন; তিনি আল্লাহর প্রশংসা করলেন তাঁর গুণ বর্ণনা করলেন এবং উপদেশ ও নসীহত করলেন ও বললেন, ’’অতঃপর হে জনমন্ডলী! শোন! আমি তোমাদের মতই একজন মানুষ। অদূর ভবিষ্যতে হয়তো আমার প্রতিপালকের দূত আমার নিকট পৌঁছে যাবে। আর আমি তাঁর ডাকে সাড়া দেব। এমতাবস্থায় আমি তোমাদের মধ্যে দু’টি ভারী (সম্মানিত) বস্তু রেখে যাচ্ছি, প্রথমটি আল্লাহর কিতাব; যাতে হিদায়াত ও আলো নিহিত আছে। অতএব তোমরা আল্লাহর কিতাবকে সুদৃঢ়ভাবে ধারণ করো।’’

অতঃপর তিনি আল্লাহর কিতাব (মান্য করার) ব্যাপারে উৎসাহিত করলেন এবং তার প্রতি অনুপ্রাণিত করলেন। তারপর তিনি বললেন, ’’দ্বিতীয় বস্তুটি হচ্ছে আমার পরিবার-পরিজন। আমি তোমাদেরকে আমার ’আহলে বায়ত’ (পরিবার)এর ব্যাপারে আল্লাহ স্মরণ করিয়ে দিতে চাই। (যেন তাদের প্রতি কোন অন্যায় আচরণ করো না।)’’ (মুসলিম ২৪০৮, হাদীসটি পূর্ণরূপে পূর্বে গত হয়েছে।)

---

১/৭১৭। আবূ সুলায়মান মালেক ইবনে হুওয়াইরিস রাদিয়াল্লাহু ’আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমরা প্রায় সমবয়স্ক কতিপয় নব যুবক রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বিশ দিন অবস্থান করলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অত্যন্ত দয়ালু ও স্নেহপরবশ ছিলেন। তাই তিনি ধারণা করলেন যে, আমরা আমাদের পরিবারের কাছে ফিরে যাবার জন্য উদ্গ্রীব হয়ে উঠেছি। সেহেতু তিনি আমাদেরকে প্রশ্ন করলেন যে, আমরা আমাদের পরিবারে কাকে ছেড়ে এসেছি?

সুতরাং আমরা তাঁকে জানালে তিনি বললেন, ’’তোমরা তোমাদের পরিবারের কাছে ফিরে যাও এবং তাদের মাঝেই বসবাস কর। তাদেরকে শিক্ষা দান কর এবং তাদেরকে (ভাল কাজের) আদেশ দাও। অমুক নামায অমুক সময়ে পড়। অমুক নামায অমুক সময়ে পড়। সুতরাং যখন নামাযের সময় হবে, তখন তোমাদের মধ্যে কেউ একজন আযান দেবে এবং তোমাদের মধ্যে যে বড় সে ইমামতি করবে।’’ (বুখারী ও মুসলিম)[1]

বুখারীর বর্ণনায় এরূপ বাড়তিভাবে আছে যে, ’’আমাকে তোমরা যেভাবে নামায পড়তে দেখেছ, ঠিক সেইভাবেই

নামায পড়।’’

## English

(96) Chapter: Bidding Farewell and Advising on the Eve of Departure for a Journey or Other Things

Allah, the Exalted, says:
"And this (submission to Allah, Islam) was enjoined by Ibrahim (Abraham) upon his sons and by Ya`qub (Jacob) (saying), `O my sons! Allah has chosen for you the (true) religion, then die not except in the Faith of Islam (as Muslims - Islamic Monotheism).' Or were you witnesses when death approached Ya`qub (Jacob)? When he said unto his sons, `What will you worship after me?' They said, `We shall worship your Ilah (God - Allah) the Ilah (God) of your fathers, Ibrahim (Abraham), Isma`il (Ishmael), Ishaq (Isaac). One Ilah (God), and to Him we submit (in Islam)'.'' (2:132,133)
-----------

Yazid bin Haiyan (May Allah be pleased with him) reported: I went along with Husain bin Sabrah and `Amr bin Muslim to Zaid bin Arqam (May Allah be pleased with them) and, as we sat by his side, Husain said to him: "O Zaid, you acquired great merits that you saw Messenger of Allah (PBUH), listened to his talk, fought by his side in (different) battles, and offered Salat behind him. You have in fact earned great merits, Zaid! Could you then tell us what you heard from the Messenger of Allah (PBUH)?'' He said: "O my cousin! By Allah! I have grown old and have almost spent up my age and I have forgotten some of the things which I remembered in connection with Messenger of Allah (PBUH), so accept what I narrate to you, and what I fail to narrate, do not compel me to narrate that.'' He then said: "One day Messenger of Allah (PBUH) stood up to deliver a Khutbah at a watering place known as Khumm between Makkah and Al-Madinah. He praised Allah, extolled Him and delivered the Khutbah and exhorted (us) and said, `Amma Ba`du (now then)! O people, certainly I am a human being. I am about to receive a messenger (the angel of death) from my Rubb and I, in response to Allah's Call, but I am leaving among you two weighty things: the Book of Allah in which there is right guidance and light, so hold fast to the Book of Allah and adhere to it.' He exhorted (us) (to hold fast) to the Book of Allah and then said, `The second are the members of my household, I remind you (of your duties) to the members of my family.'''

Commentary: The Prophet (PBUH) told his Companions with reference to his human nature that he too could not escape death because it was a grim

reality. So he left his example to others with regard to making a will before death. The Hadith points out the desirability of giving good counsel to one's family and friends, exhorting them to observe uprightness and establish Faith, upon parting either for a journey or while one is on deathbed.
-----------

Malik bin Al-Huwairith (May Allah be pleased with him) reported:
We came to the Messenger of Allah (ﷺ) when we were all young men of nearly equal age. We stayed with him for twenty days. He was extremely kind and considerate. He perceived that we missed our families so he asked us about those we left behind, and we informed him. Then he (ﷺ) said, "Go back to your families, stay with them, teach them (about Islam) and exhort them to do good. Perform such Salat (prayer) at such a time and such Salat at such a time. When the time for Salat is due, one of you should announce Adhan (call for prayer) and the oldest among you should lead Salat."

[Al-Bukhari and Muslim].

Commentary: This Hadith sheds light on seven points. First, we are informed of certain young men who had left their homes and come to the Prophet (PBUH) in order to receive religious training from him. This shows that a student of knowledge should not hesitate to set forth on a journey in the pursuit of knowledge. Second, a teacher/mentor is supposed to have firsthand information about the affairs and requirements of students and to take measures accordingly. Third, after graduation or the completion of an orientation course in religious studies, the beneficiaries are also required to impart religious knowledge and training to those who lack it. Fourth, they should also tell people to do what is commanded by the Shari`ah (Islamic Law) and to shun what it prohibits. Fifth, an arrangement must be made for a Mu'adhdhin to call people to Salat (prayers). Sixth, in case each one of the congregation is equally qualified to lead the Salat, the one who is most senior in age should perform the duty. The first prerequisite of becoming an Imam is the ability to recite Qur'an well and in the right manner. The second in priority is that person who is well-grounded in the religion - Qur'an and Hadith. In other words, a good Qari (reciter) is most fit to become an Imam and the second choice should be the one who has the mastery of religious knowledge. Seventh, the crux of the matter is that on all occasions and at all places, believers are under obligation to take care to establish congregational prayer after the prayer-call.

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৬২৮, ৬৩০, ৬৩১, ৬৫৮, ৬৭৭, ৬৮৫, ৮০২, ৮১৯, ৮২৩, ৮২৪, ২৮৪৮, ৬০০৮, ৭২৪৬, মুসলিম ৬৭৪, তিরমিযী ২০৫, ২৮৭, নাসায়ী ৬৩৪, ৬৩৫, ৬৬৯, ৭৮১, ১০৮৫, ১১৫১, ১১৫২, ১১৫৩, আবূ দাউদ ৫৮৯, ৮৪২, ৮৪৩, ৮৪৪, ইবনু মাজাহ ৯৭৯, আহমাদ ১৫১৭১, ২০০০৬, দারেমী ১২৫৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ মালিক ইবনু হুয়াইরিস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23682

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন